GROUP THEATRE
REGD. No. [illegible]
VOL. 44 No - 2
NOV-21 – JAN-22
Rs. 50.00

Printed and Published by Pratul Kundu
and Printed at Gita Printers, 51A, Jhamapukur Lane, Kolkata - 9
Published at 80, A.J.C. Bose Road, Kolkata - 14, Editor : Debasish Bandyopadhyay

গ্রুপ থিয়েটার
৪৪ বর্ষ দ্বিতীয় সংখ্যা ২০২২
৫০ টাকা

# গ্রুপ থিয়েটার



৪৪ বর্ষ | দ্বিতীয় সংখ্যা | ২০২২

৪৪ বর্ষ ২য় সংখ্যা

# ।।।।। গ্রুপ থিয়েটার ।।।।।


*সম্পাদক*
দেবাশিস বন্দ্যোপাধ্যায়

*সহযোগী সম্পাদক*
দুলাল চক্রবর্তী

*সম্পাদকমণ্ডলী*
সুখেন্দু বেরা
কুন্তল মুখোপাধ্যায়
অপূর্ব দে
সিদ্ধার্থ চক্রবর্তী

*দপ্তর সম্পাদক ও যোগাযোগ*
তাপস দাস

*হিসাব রক্ষক*
অনুপম মজুমদার



সমবেত শিল্প নিয়ে সমবেত প্রতিরোধ

সংখ্যাটি সংগীত নাটক আকাদেমি (দিল্লি) প্রদত্ত অর্থানুকূল্যে মুদ্রিত
Published with the financial support extended by Sangeet Natak Akademi (Delhi)

গ্রুপ থিয়েটার পত্রিকার পক্ষে প্রতুল কুণ্ডু কর্তৃক ৮০, এ জে সি বোস রোড কলকাতা-৭০০ ০১৪ থেকে প্রকাশিত ও তৎকর্তৃক গীতা প্রিন্টার্স ৫১এ ঝামাপুকুর লেন, কলকাতা-৭০০ ০০৯ থেকে মুদ্রিত।

অতি সম্প্রতি নাট্যজগতের যে মানুষদের আমরা হারিয়েছি।
আমরা বিনম্র প্রণাম ও শ্রদ্ধা জানাই

## কণিষ্ক সেন
আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আলোকশিল্পী

## মনোরঞ্জন সরকার
বিশিষ্ট অভিনেতা, নির্দেশক ও নাট্যকার

## মণি মুখোপাধ্যায়
বিশিষ্ট নাট্যকার এবং গল্পকার

## গৌরীশঙ্কর বন্দ্যোপাধ্যায়
বিশিষ্ট অভিনেতা, নির্দেশক ও নাট্যকার

## শাঁওলি মিত্র
বিশিষ্ট অভিনেত্রী, নির্দেশক ও নাট্যকার

## শুভেন্দু মজুমদার
বিশিষ্ট অভিনেতা, নির্দেশক ও নাট্যকার

## বিজয় ভট্টাচার্য
বিশিষ্ট অভিনেতা, নির্দেশক ও নাট্যকার

# ১৬৫
# ৪৪ বর্ষ ২য় সংখ্যা



## সুচিপত্র


সম্পাদকীয় . ১১

প্রবন্ধ

শৌরীন্দ্রমোহন ঠাকুর ও বাংলার থিয়েটার : অরুণকুমার সাঁফুই . ১৩
দ্বিশতবর্ষে নাটুকে রামনারায়ণ : অপূর্ব দে . ২৫

নাটক

ইতিকথা : মুরারি রায়চৌধুরী . ৩৫
কে Ray? : কুন্তল মুখোপাধ্যায় . ৬৪
মন্থন : বাবলু ভট্টাচার্য . ৮৬
লাল আঁখের ভ্রুকুটি : মুকুল পাল . ১০৩

স্মরণ

স্মরণে শুভেন্দু
দীপক মিত্র: ১৩০
নীলাভ চট্টোপাধ্যায়: ১৩৩
রজত মল্লিক : ১৩৪
কণিষ্ক সেন
চয়ন ভট্টাচার্য : ১৩৫

হিসেবে। একই সাথে এদের পরিত্রাতার শরীর থেকে লাফিয়ে পড়ে হিংস্র শ্বাপদ। শত শহিদের পূণ্যভূমি এই দেশ যাচ্ছে জাত-ধর্মের রক্তে ভেসে। বস্তীর ধোঁয়াটে নিসর্গের মধ্যে আর শস্য ক্ষেত্রে আশেপাশে ছড়িয়ে থাকা ভাঙা কুটিরের মধ্যে রক্তক্ষরণের বেদনাময় জীবনকে নাড়িয়ে দিয়ে যায় আত্মসমর্পণ আদায়ের মেরুদণ্ডহীন মূল্যবোধ।

কিন্তু সভ্যতার স্নায়ু টান টান হয়ে আসে, শিথিল মানুষও দুর্ভেদ্য ব্যারিকেড হয়ে ওঠে অকালমৃত্যুর বেদনাকে মন্থন করে ওরা উঠে দাঁড়ায়—সাবধান হে সাবধান, দেরি না হয়!

রাজপথে গ্রামপথে মহাজীবনের নির্দেশে চলমান মানুষের এই দৃশ্যপট। মঞ্চেও এই দৃশ্যপট। বেঁচে থাকবে মহা-কোলাহলের মধ্যে মন্থন করা জীবন-অমৃত, স্পন্দিত চেতনা। বেজে ওঠে তরঙ্গ তুলে দ্রুত-ছড়িয়ে পড়া সুর—শিল্প সংস্কৃতি ছড়িয়ে দিক মহাজীবনের চেতনা, শির টান টান করে দাঁড়াবার মানবিক মূল্যবোধ। ”

গ্রুপ থিয়েটার ৪৪-এ

**প্রবন্ধ**

# শৌরীন্দ্রমোহন ঠাকুর ও বাংলার থিয়েটার

**অরুণকুমার সাঁফুই**

উনিশ শতকের দ্বিতীয়ার্ধের সমাজ-সংস্কৃতিতে নেতৃত্ব স্থানীয় ব্যক্তি ছিলেন পাথুরিয়াঘাটা ঠাকুরবাড়ির শৌরীন্দ্রমোহন ঠাকুর (১৮৪০-১৯১৪)। শৌরীন্দ্রমোহন পারিবারিক ঐতিহ্য হতে পেয়েছিলেন সংগীতের তালিম, নাট্যাভিনয় ও নাট্যচর্চার শিক্ষা। শৌরীন্দ্রমোহন ছিলেন সংগীতজ্ঞ, নাট্যকার ও দক্ষ অভিনেতা। অভিনয়ের সূত্র ধরে মাত্র পনের বছর বয়সেই নাটক রচনায় দক্ষতা দেখান। নাটক ও সংগীত এই দুটি বিষয়ে তাঁর আগ্রহ ছিল প্রবল। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে অনুবাদ নাটক রচনার ধারায় শৌরীন্দ্রমোহন ঠাকুরের অবদান বিশেষ ভাবে স্মরণীয়। অপেশাদার প্রাসাদমঞ্চের নাট্যাভিনয়ের যুগে, শৌরিন্দ্রমোহন নাটক যেমন লিখেছিলেন তেমনি নাটকের তত্ত্ববিষয়ক গ্রন্থ রচনার মধ্য দিয়ে বাংলা নাটক রচনার পথকে সুগম করেছেন। শৌরীন্দ্রমোহন ঠাকুর প্রণীত নাটক ও নাট্যতত্ত্ববিষয়ক গ্রন্থগুলি হল, ---'মুক্তাবলী নাটিকা' (১৮৫৬), 'মালবিকাগ্নিমিত্র নাটক' (১৮৫৯), 'Veni-Sanhara Nataka' (ইংরেজি অনুবাদ, ১৮৮০), 'রসাবিষ্কার বৃন্দক' (১৮৮০), 'দ্য হিন্দু ড্রামা' (১৮৮০) 'দ্য ড্রামাটিক সেন্টিমেন্টস্ ওফ দ্য আর্য' (১৮৮১) প্রভৃতি।

১৮৫৬ সালে ঈশ্বরচন্দ্র বসুর ২৪৯ নং বহুবাজারস্থ ষ্টানহোপ প্রেস হতে, পঞ্চানন মুখোপাধ্যায়ের তত্ত্বাবধানে প্রকাশিত হয় শৌরীন্দ্রমোহন ঠাকুরের 'মুক্তাবলী' নাটক। 'মুক্তাবলী' মৌলিক নাটক। পৃষ্ঠা সংখ্যা একষট্টি। 'মুক্তাবলী'র দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয় ঠনঠনিয়া ৩৭ নং মেছুয়াবাজার আশুতোষ কোং, আলবার্ট প্রেস হতে ১৮৭৬ সালে। দ্বিতীয় সংস্করণের বিজ্ঞাপন অংশে পঞ্চানন মুখোপাধ্যায় লিখেছেন,—

"এই ক্ষুদ্র 'মুক্তাবলী' নাটিকাখানি সঙ্গীত-বিশারদ মিউজিক্-ডাক্তার শ্রীযুক্ত শৌরীন্দ্রমোহন ঠাকুর মহোদয়ের প্রথম রচনা। তিনি তাঁহার পঞ্চদশবর্ষ বয়ঃক্রমকালে এই গ্রন্থখানি প্রণয়ন করিয়া ১৯১৫ সম্বতে তদীয় অন্যতর কর্ম্মচারী কালিদাস ভট্টাচার্য্যকে সমুদয় ব্যয় সমেত মুদ্রাঙ্কণ ও প্রকাশের ভার দেন। তদনুসারে ইহা প্রথমবার মুদ্রিত ও প্রকাশিত হয়।

উক্ত মহাত্মা আবার সমুদয় ব্যয়াদি দিয়া আমাকে এই গ্রন্থখানি দ্বিতীয়বার মুদ্রিত ও প্রকাশিত করিতে আদেশ করাতে, আমি তাঁহার অনুমতিক্রমে ইহার স্থানে স্থানে কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিবর্ত্তন এবং কোন কোন স্থানে বা নূতন ভাব যোজনা করিয়া, ইহা পুনর্মুদ্রিত ও প্রকাশিত করিলাম।"[১]